প্রশ্নপত্র শ্রেণি- তৃতীয় (Class- (III)) সময়ঃ ১ ঘন্টা ৩০মি	**গনিত মেধা অন্বেষণ ২০২২** আয়োজকঃ দ্য পাই গ্রুপ অফ ম্যাথামেটিকস Organised by: The Pi Group Of Mathematics (TPGM)	পূর্ণমানঃ ১০০ তারিখ 13/11/2022 রবিবার

*** উত্তর লেখার আগে ভালো করে "পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ"-গুলো পড়ে নিতে হবে ***

১. উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।
২. প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০ টি প্রশ্ন আছে।
৩. প্রশ্নপত্রেই প্রতিটি প্রশ্নের জন্য ৪ টি করে "সম্ভাব্য উত্তর"(Option) প্রশ্নের পাশেই দেওয়া আছে।
৪. উত্তরপত্রে প্রত্যেক প্রশ্নের নম্বরের পাশে ঐ "সাম্ভাব্য উত্তর"(Option)-গুলির শুধু নাম্বার, যথাক্রমে (a), (b), (c) এবং (d) দেওয়া আছে।
৫. কোনো প্রশ্নের যে উত্তরটি সঠিক উত্তর পত্রের ঐ প্রশ্নের নম্বরের পাশে শুধু সেই সাম্ভাব্য উত্তর(Option)-এর নম্বরটির ওপর "টিক চিহ্ন" (√) দিতে হবে। যেমন, ধরা যাক 10. নম্বর প্রশ্নের চতুর্থ অর্থাৎ (d) Option টি সঠিক। তাহলে উত্তর পত্রের 10. নম্বরের পাশে (d) এর ওপর "টিক চিহ্ন" (√) দিতে হবে।
৬. কোন ভুল উত্তরের জন্য কোনো নম্বর কাটা হবে না।

1. ০.৭৯ ভগ্নাংশটির হর হল - (a) ১০ (b) ১০০ (c) ৭৯ (d) ৯৭
2. তিন অঙ্কের সবচেয়ে বড় সংখ্যাটি হল - (a) ৯৯ (b) ১০০ (c) ১১১ (d) ৯৯৯
3. ২৮৫ এই সংখ্যাটির ৮ এর প্রকৃত মান হল - (a) ৮ (b) ৮০ (c) ৮০০ (d) কোনটিই নয়
4. একদিনে মিনিটের কাঁটা সম্পূর্ণ ঘোরে- (a) ১০ বার (b) ১২ বার (c) ২৪ বার (d) ২ বার
5. সবচেয়ে ছোটো জোড় সংখ্যা হল- (a) ০ (b) ১ (c) ২ (d) ৪
6. ভাগশেষ ভাজকের চেয়ে- (a) ছোটো (b) বড়ো (c) সমান (d) কোনটিই নয়
7. ৫ জোড়া আম = _____ টি আম (a) ৫টি (b) ১০ টি (c) ১২ টি (d) কোনটিই নয়
8. একটি ষড়ভুজের বাহুর সংখ্যা হল— (a) ৪টি (b) ৫টি (c) ৬টি (d) ১০টি

9. বিন্যাস অনুযায়ী লিখো : ২৫, ৫০, ৭৫, ____ (a) ১০০ (b) ১৫০ (c) ৯০ (d) ১২৫

10. ১টাকা = _____ I (a) ১০ পয়সা (b) ৫০ পয়সা (c) ১০০ পয়সা (d) ১০০০ পয়সা

11. ১ + [১ - { ১ x ১ (১ ÷ ১) }] = কত? (a) ০ (b) ১ (c) ১০০ (d) ৫

12. _______ = ভাজক x ভাগফল + ভাগশেষ (a) যোগফল (b) গুণ্য (c) ভাজ্য (d) গুননীয়ক

13. হর = ৩৬ এবং লব = ১২ হলে ভগ্নাংশটির লঘিষ্ঠ মান হবে - (a) $^{১২}/_{৩৬}$ (b) $^{৩৬}/_{১২}$ (c) ৩ (d) $^{১}/_{৩}$

14. ৩ মাস ২৩ দিন = কত দিন? (a) ২৩দিন (b) ১১৩মাস (c) ১৩১দিন (d) ১১৩দিন

15. ৪০৭ সংখ্যাটির একক এবং দশক স্থানের অঙ্ক দুটি স্থান বিনিময় করলে সংখ্যাটি হয় - (a) ৭০৪ (b) ৪৭ (c) ৭৪ (d) ৪৭০

16. দুই অঙ্কের সবচেয়ে বড় সংখ্যাটি হল - (a) ১০ (b) ৯০ (c) ৯৯৯ (d) ৯৯

17. একটি পিঁপড়ের ৬টি পা আছে। এই রকম ৮টি পিঁপড়ের মোট পায়ের সংখ্যা হল - (a) ৬৮টি (b) ৮৬টি (c) ৪৮টি (d) ৪০টি

18. জোড় সংখ্যা x বিজোড় সংখ্যা = ? (a) জোড় সংখ্যা (b) বিজোড় সংখ্যা (c) জোড় বা বিজোড় সংখ্যা (d) কোনটিই নয়

19.  চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে। (a) ৫টি (b) ৯টি (c) ৭টি (d) ৮টি

20. মোবাইল ফোনের একটি নম্বর ১০ অঙ্কের। নম্বরটির প্রথম চারটি অঙ্ক যথাক্রমে ৯, ৯, ৮ এবং ৭ ; শেষ তিনটি অঙ্ক যথাক্রমে ৩, ৫, ৫ ; বাকি অঙ্কগুলির প্রত্যেকটি ওপরের দেওয়া অঙ্কগুলি ছাড়া অন্য অঙ্ক এর পৃথক।এক্ষেত্রে সবথেকে বড়ো মোবাইল নম্বরটি হবে - (a) ৯৮৭৬০৪৩২১০ (b) ৯৯৮৭৬৪২৩৫৫ (c) ৯০৮৭৫৬০১৪৩ (d) ৩৫৫৬৭৮৯৪০১

21. ০.০০৬ এবং ০.০৬ সংখ্যা দুটির মধ্যে বড়োটি থেকে ছোটটি বিয়োগ করে বিয়োগফলের সঙ্গে ০.৯৪৭ যোগ করলে যোগফল হবে - (a) ১.১১১ (b) ২.০৩৪ (c) ১.০০১ (d) ১

22. রবির বাবার কাছে ৯৩৮৭ টাকা ছিল। তিনি সেই টাকা থেকে ১৩০০ টাকা দামের দুটি রঙের কৌটা কিনল।বাড়ি এসে ৬০০ টাকা রঙের মিস্ত্রিকে দিলেন, তার কাছে এখন টাকা আছে - (a) ৫৮৭১টাকা (b) ৬১৮৭টাকা (c) ৫১৮৭টাকা (d) কোনটিই নয়

23. কোনো বাঁশের ০.১২৫ অংশ কাদায় , ০.৫ অংশ জলে এবং অবশিষ্ট ১২ মিটার জলের ওপরে আছে।

তাহলে বাঁশটির দৈর্ঘ্য হবে - (a) ৩২মিটার (b) ২৩মিটার (c) ১২মিটার (d) কোনটিই নয়

24. বাহুভেদে ত্রিভুজ কয় প্রকার ? (a) ৪ (b) ৫ (c) ২ (d) ৩

25. তোমার বয়স ৮ বছর ৮ মাস ৮ দিন। তোমার দাদা তোমার থেকে ৪ বছর ৪ মাস ২৪ দিনের বড়ো হলে, তোমার দাদার বয়স হবে - (a) ১২বছর ২মাস ৩দিন (b) ১১বছর ১১মাস ১১দিন (c) ১৩বছর ২মাস ৩দিন (d) কোনটিই নয়

26. একটি ভাগ অঙ্কে ভাজক ৭, ভাগফল ১০০, ভাগশেষ ৫ হলে ভাজ্য হবে - (a) ৫০৭ (b) ৩৫০ (c) ৭৫০ (d) ৭০৫

27. দেশলাই বাক্সের আকৃতি হল - (a) আয়তাকার (b) বর্গাকার (c) ত্রিভুজাকার (d) কোনটিই নয়

28. ৮ x □ = ৮ + ৮ + ৮ + ৮ (a) ৮ (b) ৩২ (c) ০ (d) ৪

29. ৩০০২ সংখ্যাটিকে কথায় লিখে পাই- (a) বত্রিশ (b) তিনশো দুই (c) তিন শূন্য দুই (d) তিন হাজার দুই

30. ৫টি সংখ্যার গড় ৫ হলে সংখ্যাগুলির সমষ্টি হবে- (a) ৫ (b) ১০ (c) ২৫ (d) ৫০

31. ৯৭৬ সংখ্যাটির দশকের ঘরের অঙ্কের স্থানীয় মান হল- (a) ৭ (b) ৬ (c) ৯০ (d) ৭০

32. ৪কিগ্রা ৫০০গ্রাম - ৩কিগ্রা ৭০০গ্রাম = কত ? (a) ১কিগ্রা (b) ৮০০কিগ্রা (c) ৮০০গ্রাম (d) ১গ্রাম

33. লিপ ইয়ারে ফেব্রুয়ারী মাসের দিন সংখ্যা হল- (a) ৩০দিন (b) ৩১দিন (c) ২৯দিন (d) ২৮দিন

34. আজ শিশু শ্রেনিতে ৩৬জন, প্রথম শ্রেনিতে ৩৪জন, দ্বিতীয় শ্রেনিতে ৪৯জন, তৃতীয় শ্রেনিতে ৪৮জন ও চতুর্থ শ্রেনিতে ৫৩জন ছাত্রছাত্রী বিদ্যালয়ে এসেছে। তবে আজ প্রতি শ্রেনিতে গড়ে ছাত্রছাত্রী এসেছে। (a) ৪০জন (b) ৩৬জন (c) ৪৪জন (d) ৫৩জন

35. দীপাদের পাড়ার পার্কটি সংস্কার করতে ১০০০০ টাকার প্রয়োজন তাপসবাবু ৫০০০ টাকা দিলেন। বাকি টাকা ২৫টি পরিবার মিলে দিলেন। প্রত্যেক পরিবার টাকা দিলেন- (a) ১০০টাকা (b) ২০০টাকা (c) ৫০০টাকা (d) ১০০০টাকা

36. অপ্রকৃত ভগ্নাংশটি হল- (a) ৭/৯ (b) ৫/৪ (c) ৪/৫ (d) ৩/১

37. ২,৩,৫ সংখ্যাগুলি যে লঘিষ্ঠ সংখ্যার গুননীয়ক তা হল- (a) ৩০ (b) ২৫ (c) ৪০ (d) কোনটিই নয়

38. দৈর্ঘ্য পরিমাপের মূল একক হল- (a) মিটার (b) গ্রাম (c) লিটার (d) কিলোমিটার

39. এক ব্যক্তি তার সঞ্চিত ৪৫০০০টাকার ২/৩ অংশ ব্যাংক থেকে তুললেন। এখন ব্যাংকে কত টাকা আছে? (a) ৩০০০০টাকা (b) ২৫০০০টাকা (c) ১৫০০০টাকা (d) ১০০০০টাকা

40. গনিত বইয়ের উপরের তল কীসের উদাহরণ- (a) সমতল (b) অসমতল (c) বক্রতল (d) কোনটি নয়

41. A= ০.২০৫x১০০, B= ৫.০৫÷১০০ হলে, A ও B এর মান কোনটি?- (a) ২.০৫; ৫০.৫ (b) ২০.৫; ০.০৫০৫ (c) ২.০৫; ০.০৫০৫ (d) ২০৫; ৫০৫

42. $^{৩}/_{১৪}$+$^{৪}/_{১৪}$+$^{৫}/_{১৪}$+$^{২}/_{১৪}$= কত? (a) ০ (b) ১ (c) $^{১৫}/_{১৪}$ (d) কোনটিই নয়

43. কোনটি ঠিক? (a) $^{২}/_{৫}$+$^{৩}/_{৫}$=১ (b) $^{২}/_{৫}$+$^{৫}/_{৩}$=১ (c) $^{৫}/_{২}$+$^{৩}/_{৫}$=১ (d) $^{৫}/_{২}$+$^{৫}/_{৩}$=১

44. $^{২}/_{৫}$=$^{১৮}/_{\square}$ শূন্যস্থানের সংখ্যাটি হল-(a) ৪৫ (b) ৪০ (c) ২৫ (d) ৩৫

45. ৮.১৫ কে মিশ্র ভগ্নাংশে পরিনত করলে পাই- (a) ৮$^{১}/_{১০০}$ (b) ৮$^{১৫}/_{৮}$ (c) ৮$^{৩}/_{২০}$ (d) $^{১৫}/_{৮}$

46. ‘< ’/ ‘ > ’ চিহ্ন বসাও: $^{৮}/_{১১}$ —- $^{৯}/_{১১}$ (a) ‘>’ (b) = (c) < (d) কোনটিই নয়

47. ১৬x — = ৯৬ (a) ২ (b) ৭ (c) ৬ (d) ৫

48. রামবাবু গত তিন সপ্তাহে মোট ৪৫১৫টি খবরের কাগজ বাড়ি বাড়ি বিক্রি করেছেন। তিনি ১ দিনে কতগুলি কাগজ বিক্রি করেছেন? (a) ১০০টি (b) ৩১৫টি (c) ৫১৫টি (d) ২১৫টি

49. একটি মৌলিক সংখ্যার— টি উৎপাদক থাকে। (a) ১টি (b) ২টি (c) ৩টি (d) ৪টি

50. কোন বৃত্তের কেন্দ্রগামী জ্যা কে—- বলে। (a) বৃত্তচাপ (b) বাহু (c) ব্যাসার্ধ (d) ব্যাস